



পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) জাতীয় পর্যায়ে একটি বেসরকারী উন্নয়ন সংস্থা। সংস্থার প্রধান কার্যালয়ের ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমের জন্য আঞ্চলিক অর্থ ব্যবস্থাপক পদে যোগ্য, সৎ ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নামঃ আঞ্চলিক অর্থ ব্যবস্থাপক

পদ সংখ্যা : 15 জন

বয়স: সর্বচ্চো 47 বছর

কর্মস্থল: পপি ক্ষুদ্রঋণ কর্ম এলাকা

শিক্ষাগত যোগ্যতা: বানিজ্যে স্নাতকোত্তর; তবে হিসাব বিজ্ঞানে স্নাতকোত্তর প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

বেতন: ছয় মাস শিক্ষানবিশকালে 52,296/-ও মোবাইল ভাতা এবং স্থায়ীকরণের পর 57,774/- এছাড়াও বাৎসরিক ইনক্রিমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি, বছরে দুইটি উৎসব ভাতা ও বৈশাখী ভাতা ও শহর ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদত্ত হবে এবং সংস্থার অন্যান্য সুযোগ সুবিধা প্রাপ্য হবেন।

দায়িত্বাবলী:

- বার্ষিক পরিকল্পনা তৈরী, বাজেট প্রণয়ন এবং পরিকল্পনা অনুযায়ী কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন দাখিল ও জবাবদিহিতা নিশ্চিত করা।
- অধীনস্থ শাখার হিসাব কর্মকর্তা সংস্থার নিয়ম অনুযায়ী হিসাব কার্যক্রম পরিচালনা করছে কিনা তা নিয়মিত যাচাই করা।
- অধীনস্থ শাখাসমূহে সফটওয়্যারের মাধ্যমে সকল প্রকার এমআইএস ও এআইএস রিপোর্ট নিভুল ভাবে তৈরীতে সহায়তা করা।
- নিয়ম অনুযায়ী শাখাসমূহের ঋণ বিতরণ, ঋণ আদায় এবং সঞ্চয় জমা করা সহ সাপ্তাহিক, মাসিক আর্থিক প্রতিবেদন ও যাবতীয় তথ্য হালনাগাদ করা নিশ্চিত পূর্বক যথাসময়ে তত্ত্বাবধায়কের নিকট দাখিল করা।
- অধীনস্থ শাখাসমূহের যাবতীয় হিসাব-নিকাশ এবং আর্থিক বিষয়গুলো যাচাই করা।
- অধীনস্থ শাখাসমূহের অফিস ব্যবস্থাপনা, দাপ্তরিক ও প্রশাসনিক কর্ম কাল্ড বাস্তবায়ন, নিশ্চিত করা।
- অধীনস্থদের কাজের পরিকল্পনা, তদারকি, ও জবাবদিহিতা নিশ্চিত করা।
- বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষা করা সহ সংস্থার কর্মকাল্ড তুলে ধরা।
- সংস্থার ঋণ নীতিমালা যথাযথভাবে অনুসরণ পূর্বক ঋণ কার্যক্রম বাস্তবায়ন করা।

অন্যান্য শর্তাবলী:

- ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে ঋণ কর্মসূচিতে আঞ্চলিক অর্থব্যবস্থাপক পদে ন্যূনতম ৩ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতাসহ ২০-২৫টি শাখা পরিচালনায় ফিন্যান্সিয়াল মনিটরিং দক্ষতা থাকতে হবে।
- প্রার্থীকে মোটরসাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং কম্পিউটারে বেসিক ধারণা এবং ইন্টারনেট ব্যবহার জানা থাকতে হবে।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রঙিন ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ১০/০৩/২০২৬ তারিখের মধ্যে মানবসম্পদ বিভাগ, পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ইমেইলেও আবেদন পাঠাতে পারেন: hr@popibd.org। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহন করা হবে।